দৈনিক বাংলা।

তারিখ 25 SEP 1991
পৃষ্ঠা ১ কলাম ২

77

# ভার্সিটি সন্ত্রাস দমন কমিটির বৈঠক ঃ শীঘ্রই চূড়ান্ত রিপোর্ট

বিশ্ববিদ্যালয়সমূহে সংঘটিত সন্ত্রাস-মূলক কার্যকলাপ দমনকল্পে গঠিত উচ্চ পর্যায়ের কমিটির এক বৈঠক কমিটির চেয়ারম্যান জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক কাজী সালেহ আহমেদের সভাপতিত্বে

(শেষ পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## ভার্সিটি সন্ত্রাস

(প্রথম পৃঃ পর)

মঙ্গলবার সকালে শিক্ষা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়।

সভায় বিশ্ববিদ্যালয়সমূহে সংঘটিত সন্ত্রাসমূলক কার্যকলাপ সম্পর্কে গুরুত্বপূর্ণ আলোচনা অনুষ্ঠিত হয়। সভায় পূর্ববর্তী বৈঠকসমূহের আলোচনার আলোকে প্রণীত খসড়া রিপোর্ট নিয়ে বিস্তারিত আলোচনা হয় এবং অচিরেই চূড়ান্ত রিপোর্ট সরকারের নিকট দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়।

কমিটির পরবর্তী বৈঠক আগামী তেসরা অক্টোবর সকাল ১১টায় শিক্ষা বিভাগের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে। খবর তথ্য বিবরণীর।